# সংবিধান (একশত ছয়তম সংশোধন) আইন, ২০২৩

[২৮শে সেপ্টেম্বর, ২০২৩]

ভারতের সংবিধান পুন:সংশোধন করণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের চুয়াত্তরতম বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল:-

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

১।(১) এই আইন সংবিধান (একশত ছয়তম সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা, কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে বলবৎ হইবে।

২৩৯অঅ অনুচ্ছেদের সংশোধন।

২। সংবিধানের ২৩৯অঅ অনুচ্ছেদে, (২) প্রকরণে, (খ) উপ-প্রকরণের পর, নিম্নলিখিত প্রকরণ সন্নিবেশিত হইবে, যথা :-

‘‘( খক ) দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় মহিলাগণের জন্য আসনসমূহ সংরক্ষিত হইবে।

(খখ) দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় তফসিলী জাতির জন্য সংরক্ষিত আসনসমূহের এক-তৃতীয়াংশের যথাসম্ভব নিকটতম আসন মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।

(খগ) দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় সরাসরি নির্বাচনের মাধ্যমে পূরণ করা হইবে এরূপ সর্বমোট আসনসংখ্যার ( তফসিলী জাতির অন্তর্গত মহিলাগণের জন্য সংরক্ষিত আসনসংখ্যা সমেত ) এক-তৃতীয়াংশ আসনের যথাসম্ভব নিকটতম আসন সংসদ বিধি দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ প্রণালীতে মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।’’।

নূতন ৩৩০অ অনুচ্ছেদের সন্নিবেশন।

৩। সংবিধানের ৩৩০ অনুচ্ছেদের পর, নিম্নলিখিত অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :-

লোকসভায় মহিলাগণের জন্য আসনসমূহের সংরক্ষণ।

‘‘৩৩০অ। (১) লোকসভায় মহিলাগণের জন্য আসনসমূহ সংরক্ষিত হইবে।

(২) ৩৩০ অনুচ্ছেদের (২) প্রকরণ অনুযায়ী সংরক্ষিত সর্বমোট আসনসংখ্যার এক-তৃতীয়াংশের যথাসম্ভব নিকটতম আসন তফসিলী জাতি বা তফসিলী জনজাতি মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।

(৩) লোকসভায় সরাসরি নির্বাচনের মাধ্যমে পূরণ করা হইবে এরূপ সর্বমোট আসনসংখ্যার এক-তৃতীয়াংশের যথাসম্ভব নিকটতম আসন ( তফসিলী জাতি ও তফসিলী জনজাতি মহিলাগণের জন্য সংরক্ষিত আসনসংখ্যা সমেত ) মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।’’।

নূতন ৩৩২অ অনুচ্ছেদের সন্নিবেশন।

৪। সংবিধানের ৩৩২ অনুচ্ছেদের পর, নিম্নলিখিত অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :-

রাজ্যসমূহের বিধানসভাগুলিতে মহিলাগণের জন্য আসনসমূহের সংরক্ষণ।

‘‘৩৩২অ। (১) প্রত্যেক রাজ্যের বিধানসভায় মহিলাগণের জন্য আসনসমূহ সংরক্ষিত হইবে।

(২) ৩৩২ অনুচ্ছেদের (৩) প্রকরণ অনুযায়ী সংরক্ষিত সর্বমোট আসনসংখ্যার এক-তৃতীয়াংশের যথাসম্ভব নিকটতম আসন তফসিলী জাতি বা তফসিলী জনজাতি মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।

(৩) প্রত্যেক রাজ্যের বিধানসভায় সরাসরি নির্বাচনের মাধ্যমে পূরণ করা হইবে এরূপ সর্বমোট আসনসংখ্যার এক-তৃতীয়াংশের যথাসম্ভব নিকটতম আসন ( তফসিলী জাতি ও তফসিলী জনজাতি মহিলাগণের জন্য সংরক্ষিত আসনসংখ্যা সমেত ) মহিলাগণের জন্য সংরক্ষিত হইবে।''।

নূতন ৩৩৪অ অনুচ্ছেদের সন্নিবেশন।

৫। সংবিধানের ৩৩৪ অনুচ্ছেদের পর, নিম্নলিখিত অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :-

মহিলাগণের জন্য আসনসমূহের সংরক্ষণ কার্যকর হইবে।

''৩৩৪অ। (১) এই ভাগ অথবা ভাগ ৮-এর পূর্বগামী বিধানে যাহা কিছু আছে তৎসত্ত্বেও, সংবিধান ( একশত ছয়তম সংশোধন ) আইন, ২০২৩-এর প্রারম্ভের পর কৃত প্রথম জনগণনার প্রাসঙ্গিক সংখ্যাগুলি প্রকাশিত হইবার পর এতদুদ্দেশ্যে গৃহীত পরিসীমন প্রয়োগের পর লোকসভায়, কোন রাজ্যের বিধানসভায় ও দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় মহিলাগণের জন্য আসনসমূহের সংরক্ষণ সম্পর্কিত সংবিধানের বিধানাবলী কার্যকর হইবে এবং ঐরূপ প্রারম্ভ হইতে পনর বৎসর সময়সীমার অবসানের পর আর উহা কার্যকর হইবে না।

(২) ২৩৯অঅ, ৩৩০অ এবং ৩৩২অ অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে লোকসভায়, কোন রাজ্যের বিধানসভায় ও দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় মহিলাগণের জন্য সংরক্ষিত আসনসমূহ সংসদ বিধি দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ তারিখ পর্যন্ত চলিবে।

(৩) সংসদ বিধি দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ প্রতিটি পরবর্তী পরিসীমন প্রয়োগের পর লোকসভায়, কোন রাজ্যের বিধানসভায় ও দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় মহিলাগণের জন্য সংরক্ষিত আসনসমূহের আবর্তন কার্যকর হইবে।

(৪) ঐ সময়ে বিদ্যমান লোকসভা, কোন রাজ্যের বিধানসভা ও দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভা ভঙ্গ না হওয়া পর্যন্ত এই অনুচ্ছেদের কোন কিছুই লোকসভায়, কোন রাজ্যের বিধানসভায় ও দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভায় কোন প্রতিনিধিত্বকে প্রভাবিত করিবে না।''।

সংশোধন লোকসভায়, কোন রাজ্যের বিধান-সভায় বা দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধান-সভায় সংরক্ষণকে প্রভাবিত করিবে না।

৬। সংবিধন (একশত ছয়তম সংশোধন) আইন, ২০২৩-এর প্রারম্ভে বিদ্যমান লোকসভা, কোন রাজ্যের বিধানসভা বা দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রের বিধানসভা ভঙ্গ না হওয়া পর্যন্ত উক্ত আইন দ্বারা সংবিধানে কৃত সংশোধনসমূহ লোকসভা, কোন রাজ্যের বিধানসভা বা দিল্লী জাতীয় রাজধানী রাজ্যক্ষেত্রে কোন প্রতিনিধিত্বকে প্রভাবিত করিবে না।

--------------------